



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

১২ মে ২০২২

বাউবিতে সেবা প্রদান কর্ম পরিকল্পনা বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সেবা প্রদান কর্ম পরিকল্পনা বাস্তবায়ন কমিটি কর্তৃক আয়োজিত নাগরিক সনদ: সমাজ - অর্থনীতিতে জবাবদিহিতা ও প্রভাব শীর্ষক দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা গাজীপুরস্থ ক্যাম্পাসে আজ ১২ মে ২০২২ বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। কর্মশালার প্রধান অতিথি বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, বাউবি শিক্ষার্থীদের লেখাপড়ার গুণগত মান ও উৎকর্ষতা বৃদ্ধির সাথে সাথে তাদের সার্বিক সেবা দান করাই আমাদের লক্ষ্য। শিক্ষার্থীদের সমস্যা চিহ্নিত করে তা সহজীকরণের মাধ্যমে সেবা নিশ্চিত করতেই আমরা সিটিজেন চার্টার চূড়ান্তকরণের উদ্যোগ নিয়েছি। তিনি উন্নয়ন সমৃদ্ধি ও উৎকর্ষের বিকাশ ঘটিয়ে বাউবির কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষার বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।



অনুষ্ঠানের মূখ্য আলোচক যুক্তরাজ্যের এসেক্স ইউনিভার্সিটির অধ্যাপক ড. শাহজাদ উদ্দিন বলেন, কোয়ালিটি সার্ভিস নিশ্চিত করতে শিক্ষার্থীদের জন্য সিটিজেন চার্টার খুবই জরুরি। সঠিক সময়ে নিরবিচ্ছিন্ন সেবা প্রদানের লক্ষ্যে যুক্তরাজ্যে নব্বই এর দশকে সিটিজেন চার্টারের কার্যক্রম শুরু হয়। তিনি যুক্তরাজ্য ও বাংলাদেশে সিটিজেন চার্টারের তুলনামূলক চিত্র তুলে ধরে তিনি আরো বলেন, শুরুতে বাংলাদেশে এর প্রসার বেশ চ্যালেঞ্জিং হলেও এখন প্রত্যন্ত এলাকা পর্যন্ত মানুষ সিটিজেন চার্টারের মাধ্যমে নাগরিক সেবা পাচ্ছে। সিটিজেন চার্টারের ফলে পাবলিক সার্ভিস সহজীকরণ সম্ভব হচ্ছে। অবাধ তথ্য বিস্তারের উপরও তিনি জোর দেন।

প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানুর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। স্বাগত বক্তব্য রাখেন রেজিস্ট্রার ও এপিএ টিম লিডার ড. মহা. শফিকুল আলম। কর্মশালায় বাউবির ১২টি আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ ভারুয়ালি সংযুক্ত ছিলেন। কর্মশালায় বাউবির প্রস্তাবিত সিটিজেন চার্টারের ডামি উপস্থাপন ও মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪